

Amra Hoyto lyrics in Bengali

মাঝে মাঝে মুখ ভরে থাকে হাসি
মাঝে মাঝে পায় ভীষণ কান্না
মাঝে মাঝে ভাবি এত কম কেনো প্রেম
মাঝে মাঝে ভাবি অনেক হয়েছে আর না

হয়তো দাঁড়িয়ে আয়না তোমায় দেখে
হয়তো তখন দেখছে অন্য কিছু
হয়তো দাঁড়াও আয়না দেখার ছলে
আমি ছুটে যাই তোমার চোখের পিছু
আমি ছুটে যাই তোমার চোখের পিছু

আকাশে জমে থাকে বিষন্ন মেঘ
পথে পথে পড়ে আছে জুঁই ফুল
আমরা হয়তো এসবের নই কিছু
তবু মেঘ বাতাসের হয়না কখনো ভুল
তবু মেঘ বাতাসের হয়না কখনো ভুল

হু.....হু.....

মাঝে মাঝে ভাবি তুমি এলে হবো সুখি
মাঝে মাঝে ভাবি একলা থাকাই সুখ
দুঃখ ভাবতে কে চায় প্রিয়তমা
যেন ভাবনা এক মনের অসুখ
যেন ভাবনা এক মনের অসুখ

সবাই খোঁজে একটা প্রিয় ঠিকানা
যেই ঠিকানার নিশানা নেই কোথাও
সব পাখি তবু ফিরে যায় নীড়ে
নীড় হারা তুমি কোন বেদনা উড়াও
নীড় হারা তুমি কোন বেদনা উড়াও

আকাশে জমে থাকে বিষন্ন মেঘ
পথে পথে পড়ে আছে জুঁই ফুল
আমরা হয়তো এসবের নই কিছু
তবু মেঘ বাতাসের হয়না কখনো ভুল
তবু মেঘ বাতাসের হয়না কখনো ভুল